গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
গলাচিপা, পটুয়াখালী।

স্মারক নম্বরঃ ৪১.০১.৭৮৫৭.০০০.১৮.০৩৯.২৬-৯৬

তারিখঃ ২০ জুলাই, ২০২৬ খ্রি.

## ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬ বাস্তবায়নে স্বেচ্ছাসেবী তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচনের বিজ্ঞপ্তি

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | বাধ্যতামূলক যোগ্যতা | অযোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ১৩০ টি | ১) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস<br>২) বয়স: ১৮ থেকে ৪০ বছর (শুমারি তারিখে)<br>৩) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>৪) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ওই এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>৫) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>৬) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ১) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত ২)সরকারি বা আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>৩) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>৪) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ১) নারী প্রার্থী কমপক্ষে ৫০%<br>২) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রিধারী<br>৩) পূর্বে BBS জরিপে কাজের অভিজ্ঞতা |
| ০২ | সুপারভাইজার | ১৪ টি | ১) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস; বয়স ২৫-৪৫<br>২)ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা এবং ব্যবহারিক পরীক্ষায় ৮০%+ নম্বর<br>৩)তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>৪)দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | | |
| ০৩ | ICT সুপারভাইজার | ০২টি | ১)ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস; বয়স ২৫-৪৫<br>২)ট্যাবলেট/স্মার্টফোন/কম্পিউটার বিষয়ে বিশেষ জ্ঞান এবং ট্যাবলেট ও অ্যাপ সমস্যার তাৎক্ষণিক সমাধান | | |

**শর্তাবলী:**

১) নির্ধারিত আবেদন ফরম নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে অথবা ওয়েবসাইট ( https://dss.galachipa.patuakhali.gov.bd/) থেকেও ডাউনলোড করা যাবে।

**২)** ট্যাবলেট/স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন। নিজ নিজ ইউনিয়নের যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণকে আবেদন করতে উৎসাহিত করা হচ্ছে।

৩) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।

৪) আবেদনকারীকে আগামী ২৩/০৭/২০২৬ খ্রি. রোজ বৃহস্পতিবার বিকাল ০৪.০০ ঘটিকার মধ্যে সকল শিক্ষাগত যোগ্যতার ফটোকপি, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের ফটোকপি এবং পাসপোর্ট সাইজের ৩ কপি রঙিন ছবিসহ নির্ধারিত আবেদন ফরম পূরণ করে উপজেলা সমাজসেবা কার্যালয়, গলাচিপা, পটুয়াখালীতে জমা দিতে হবে।

৫) কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোনো শর্ত সংযোজন, সংশোধন, পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

৬) নির্বাচন সংক্রান্ত গঠিত কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মুঃ অলিউল ইসলাম
উপজেলা সমাজসেবা অফিসার (অ.দা.)
গলাচিপা, পটুয়াখালী।
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬ বাস্তবায়নে স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি